

ডিভি ২০০৮ প্রতারণা এড়িয়ে চলার পরামর্শ

ঢাকা, ১১ই অক্টোবর -- বার্ষিক ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারী রেজিস্ট্রেশন গত ৪ঠা অক্টোবর থেকে শুরু হয়েছে যা আগামী ৩রা ডিসেম্বর পর্যন্ত চলবে।

সাম্প্রতিক বছরগুলোতে ডিভি লটারী প্রার্থীদের নিয়ে সংঘটিত প্রতারণামূলক কর্মকান্ডের বিষয়ে ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস অবহিত আছে। ডিভি ভিসার “নিশ্চয়তা” প্রদান করে এমন সব তথাকথিত “ভিসা এজেন্টদের” কর্মকান্ড বিশেষভাবে উদ্বেগ সৃষ্টি করেছে। এসব “ভিসা এজেন্ট” অব্যাহতভাবে আবেদন সংক্রান্ত তথ্য প্রদানের আগেই প্রার্থীদের ভীতি প্রদর্শন করে অর্থও আদায় করেছে।

যুক্তরাষ্ট্র দূতাবাস ডিভি ২০০৮ লটারীতে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের অন-লাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার সময়ে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের পরামর্শ দিচ্ছে:

-- প্রার্থীদের যথাযথভাবে দরখাস্ত জমাদানের বিষয়ে সকল নির্দেশনা সতর্কতার সাথে পড়া উচিত। আর সকল নির্দেশনা অনুসরণে ব্যর্থতার ফলে স্বাভাবিকভাবেই প্রার্থী অযোগ্য হয়ে পড়তে পারে।

-- প্রার্থীরা স্বাভাবিকভাবে যে ঠিকানার মাধ্যমে চিঠি পত্র পেয়ে থাকেন সেই ঠিকানাই প্রদান করা উচিত। কোন ক্রমেই “ভিসা এজেন্টের” ঠিকানা প্রদান করা উচিত নয়।

-- প্রার্থীদের নিজ, স্ত্রী ও সন্তানদের সম্পূর্ণ সঠিক জীবনবৃত্তান্ত সংক্রান্ত তথ্য প্রদান করা উচিত। লটারী বিজয়ীদের জীবনবৃত্তান্তে গরমিল থাকলে স্বাভাবিকভাবেই তাদের ভিসা প্রদান করা হবে না।

-- অন-লাইনে আবেদন পূরণ করতে তৃতীয় পক্ষের সহায়তা গ্রহণ করলে প্রার্থীদের পূর্বেই সহায়তা গ্রহণ ও অর্থ প্রদান সংক্রান্ত বিষয়টি লিখিত আকারে রাজি হওয়া উচিত। আর তৃতীয় পক্ষের

সহায়তা নিলে তথ্যের নির্ভুলতার ব্যাপারে প্রার্থীই সম্পূর্ণভাবে দায়ী থাকবেন। যুক্তরাষ্ট্র দূতাবাস “ভিসা এজেন্ট” এবং “ইন্টারনেটে আবেদন প্রস্তুতকারী” উভয় কাজই করে এমন তৃতীয় পক্ষের অনেক কেসের ব্যাপারে অবহিত রয়েছে যাদের প্রদত্ত ভুল তথ্য সম্বলিত আবেদন প্রার্থীকে অযোগ্য করে ফেলে।

যুক্তরাষ্ট্র দূতাবাস এ বিষয়টির উপর গুরুত্বারোপ করে যে, সাক্ষাতের পূর্ব দিন পর্যন্ত ডিভি লটারীর জন্য কোন খরচ নেই। সেই সাথে প্রার্থীদের সাক্ষাতের দিন পর্যন্ত ডিভি তথ্যের জন্য কাউকে কোন অর্থ প্রদান করা উচিত হবে না। শুধুমাত্র সাক্ষাতের দিন তারা দূতাবাসে সরাসরি অর্থ প্রদান করবেন।

-- প্রার্থীদের ব্যক্তিগত তথ্য অথবা তাদের স্কুলের কাগজপত্র কোন “দালাল” বা অন্য কোন তৃতীয় পক্ষকে দেয়া উচিত হবে না। ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস লটারী বিজয়ীদের প্রয়োজনীয় কাগজপত্রের ব্যাপারে পরামর্শ প্রদান করবে।

-- প্রার্থীদের মূল কাজগপত্র ইংরেজীতে অনুবাদ করার সময় মূল কপি জমা দেয়া ঠিক হবে না। সাক্ষাতের সময় প্রার্থীদের মূল সনদ থেকে কপি কৃত সত্যায়িত কপি ও মূল সনদপত্র রাখতে হবে।

অতিরিক্ত তথ্য: ডিভি ২০০৮ আবেদন সংক্রান্ত নির্দেশনা ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ওয়েবসাইট www.uscis.gov এ দেয়া আছে।

=====

জিআর/ ২০০৬

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষা ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’ প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং Website: dhaka.usembassy.gov এ যোগাযোগ করুন।